# মোদির বাসভবন ঘেরাওয়ের ডাক, উত্তপ্ত ভারতের রাজনীতি



ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ছবি: সংগৃহীত

ই-২০ পেট্রোল চালুর বিরোধিতা করে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাসভবন অভিমুখে মিছিলের ঘোষণা দিয়েছেন দিল্লির সাবেক মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির (এএপি) আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়াল। তিনি জানান, আগামী ৪ আগস্ট দুই লাখের বেশি মানুষের স্বাক্ষরসংবলিত একটি আবেদনপত্র প্রধানমন্ত্রীর কাছে তুলে দেওয়া হবে।

শনিবার (১ আগস্ট) ‘ন্যাশনাল টাউনহল অ্যাগেইনস্ট ই-২০’ অনুষ্ঠানে কেজরিওয়াল বলেন, আবেদনপত্রে ইতোমধ্যে দুই লাখের বেশি মানুষ স্বাক্ষর করেছেন। তিনি দাবি করেন, ই-২০ নীতি নিরাপদ হলে সরকার এ বিষয়ে প্রকাশ্য আলোচনায় আসতে পারত।

তবে তার অভিযোগ প্রত্যাখ্যান করেছেন দিল্লি বিজেপির সভাপতি হর্ষ মালহোত্রা। তিনি কেজরিওয়ালের কাছে ই-২০ ব্যবহারে গাড়ির ক্ষতির সুনির্দিষ্ট প্রমাণ উপস্থাপনের আহ্বান জানান।

LENS ASIA

ই-২০ জ্বালানিতে পেট্রোলে ২০ শতাংশ ইথানল মেশানো হয়। বিরোধীদের অভিযোগ, এতে ইঞ্জিনের ক্ষতি ও মাইলেজ কমতে পারে। যদিও সরকার এ নীতিকে পরিবেশবান্ধব জ্বালানির অংশ হিসেবে তুলে ধরছে।

এদিকে কেজরিওয়াল পেট্রোল পাম্পে সাধারণ পেট্রোল ও ই-২০ জ্বালানির মধ্যে গ্রাহকদের পছন্দের সুযোগ, পেট্রোলের দাম কমানো এবং ইথানলের মূল্য হ্রাসের দাবি জানিয়েছেন।